মহিলা বিষয়ক অধিদপ্তর খোকসা, কুষ্টিয়া এর সেবা সমূহঃ

১। ভিডব্লিউবি কর্মসূচি অত্র দপ্তরের কার্ড সংখ্য ১৭২১ টি । কার্ড প্রতি সুবিধাভোগী প্রতি মাসে ৩০ কেজি চাল পেয়ে থাকে। কার্ডের মেয়াদ ২ বছর।

২। মা ও শিশু সহায়তা কর্মসূচি প্রতিমাসে পার ইউনিয়ন ১৫ জন। মাসে ৯ টি ইউনিয়নে ১৩৫ জন এবং পৌরসভায় প্রতি মাসে সুবিধাভোগী ৪৫ জন। প্রত্যেক মাসে ১ জন ভাতাভোগী ৮৫০/= টাকা পেয়ে থাকে। ভাতার মেয়াদ ৩ বছর।

৩। ডব্লিউ টি সি প্রশিক্ষন কেন্দ্রে ৩ মাস অন্তর ৩০ জন প্রশিক্ষনার্থী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন গ্রহন করে এবং প্রশিক্ষন শেষে ছুটির দিন বাদে প্রত্যেক দিন ১০০/= টাকা হিসাবে যাতায়াত ভাতা প্রদান করা হয়। বছরে ৪ টি ব্যাচে প্রশিক্ষন করানো হয়।

৪। অত্র দপ্তরের অধিনে ১৫ টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সমিতি সমূহ মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা হতে বাৎসরিক অনুদান পেয়ে থাকে।

৫। অত্র দপ্তরে ক্ষুদ্রঋন কার্যক্রম চলমান রয়েছে।ঋন পাওয়ার ক্ষেত্রে প্রশিক্ষন গ্রহনকারী স্বামী পরিত্যক্তা এবং বিধবা মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হয়।

৬। বাল্য বিয়ে বন্ধ করার ব্যবস্থা করা হয়। প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহযোগীতায় বাল্য বিয়ে বন্ধের কাজ সমাপ্ত করা হয়।

৭। স্বামী/ অন্যের দ্বারা নারী নির্যাতিত হলে নির্যাতিত নারীদের আবেদন গ্রহন করা হয়। উভয় পক্ষকে নোটিশ করে বিবাদ মীমাংসা করা হয়। বিষয়টি জটিল হলে নারী নির্যাতন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগীতা গ্রহন করা হয়।

২২/১০/২০২৫

মোঃ মোয়াজ্জেম হোসেন
প্রশিক্ষক
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
খোকসা, কুষ্টিয়া।

CamScanner